# প্রশিক্ষণের বিস্তারিত

**প্রশিক্ষণ এর বিস্তারিত**

**প্রশিক্ষণ নিয়মাবলী**

**১। গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ ও মহিলা):**

উদ্দেশ্যঃ গ্রাম ও আশ্রয়ণ প্রকল্পভিত্তিক ভিডিপি প্লাটুনপুনঃ গঠন ও হালনাগাদকরণ। আত্ম কর্মসংস্থানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন স্থানীয় নেতৃত্ব সৃষ্টি ও সুশাসন প্রতিষ্ঠায় সামাজিক সচেতনতা বৃদ্ধি। সামাজিক নিরাপত্তা রক্ষায় গণভিত্তিক প্রশিক্ষিত কর্মী বাহিনী সৃষ্টি। আইন শৃঙ্খলা রক্ষা, নির্বাচনী দায়িত্ব পালন ও অন্যান্য জরুরী প্রয়োজনে প্লাটুন পুনর্গঠন ও পেশাগত দায়িত্ব পালনের জন্য দক্ষ করে তোলা। জননিরাপত্তামূলক কর্মকান্ডে সম্পৃক্ত করা। সুশাসন প্রতিষ্ঠায় সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষিত কর্মী বাহিনী গঠন। নেতৃত্বের গুনাবলী সৃষ্টি ও স্থানীয় আইন-শৃঙ্খলা রক্ষায় পেশাগত দক্ষতা অর্জন।

**প্রশিক্ষণের নিয়মাবলী নিমণরূপঃ**

সংশ্লিষ্ট গ্রামের ৩২জন পুরুষ ও ৩২জন মহিলা সমন্বয় গঠিত ০২টি প্লাটুনের বিনামূল্যে প্রশিক্ষণ দেয়া হয়।

- গ্রামের সুবিধাজনক স্থানে ১০(দশ) দিনের এই প্রশিক্ষণে কার্যক্রম পরিচালিত হয়।
- প্রশিক্ষণার্থীকে সর্বনিম্ন ৮ম শ্রেণি পাশ হতে হয়।
- প্রশিক্ষণার্থীর বয়স সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বছর।
- প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সনদপত্র প্রদান করা হয়।
- এই প্রশিক্ষণের মাধ্যমে ভিডিপি পুরুষ ও মহিলা প্লাটুন সমূহ পূর্ণ গঠিত হয়।
- প্রশিক্ষণার্থীগণকে নির্দিষ্ট হারে ভাতা প্রদান করা হয়।
- মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত আনসার-ভিডিপিসদস্য/সদস্যা সরকারী চাকুরীর ৩য় ও ৪র্থ শ্রেণীর১০% সংরক্ষিত কোটার আওতাভুক্ত হয়।

**২। সাধারন আনসার মৌলিক প্রশিক্ষণ (পুরুষ ও মহিলা):**

উদ্দেশ্যঃ একজন আনসার হিসেবে অঙ্গীভুতির যোগ্যতা অর্জন পূর্বক দেশেরআইন-শৃঙ্খলা রক্ষার পাশাপাশি সরকারি-বেসরকারি সংস্থার নিরাপত্তা রক্ষা, ট্রাফিক নিয়ন্ত্রণ, জননিরাপত্তা মূলক কাজের জন্য যোগ্য ও আত্মবিশ্বাসী করে তোলা।

এই প্রশিক্ষণের নিয়মাবলী নিমণরূপঃ

- প্রশিক্ষণের মেয়াদঃ ১০সপ্তাহ
- জেলা সদরে প্রাথমিক পর্ব ১৪দিন এবং ধারাবাহিকভাবে গাজীপুরের সফিপুরআনসার-ভিডিপি একাডেমিতে চূড়ান্তপর্ব ০৮ সপ্তাহ এ প্রশিক্ষণ পরিচালিত হয়।
- আনসার আইন ১৯৯৫ এবং আনসার বাহিনী প্রবিধানমালা ১৯৯৬ এর আলোকে সংশ্লিষ্ট ব্যক্তিকে নিমণরূপ যোগ্যতা সম্পন্ন হতে হয়।

ক) বয়স ১৮ হতে ৩০বছর।
খ) শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণিপাশ। তবে এসএসসি বা তদূর্ধডিগ্রীপ্রার্থীগণকে প্রশিক্ষণ গ্রহণের অগ্রাধিকার দেয়া হয়।
গ) উচ্চতা সর্বনিম্ন ৫’-৪” (পুরুষ) এবং ৫’-০” (মহিলা)
(তবে ৫’-৬” বা তদুর্ধউচ্চতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার হয়)।
ঘ) দৃষ্টি শক্তিঃ৬/৬

- প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীদের বিনামূল্যে থাকা, খাওয়া, পোষাক পরিচ্ছদ প্রদান করা হয়।
- এই প্রশিক্ষণ সাফল্যভাবে সমাপ্তির পর দেশের বিভিন্ন সরকারী-বেসরকারি কেপিআই/গুরুত্বপূর্ণ সংস্থায় অঙ্গীভূত হয়ে নিরাপত্তা বিধানের দায়িত্ব পালন করে।
- প্রশিক্ষণ গ্রহণকারী সদস্য/সদস্যাগণ দূর্গাপুজা, জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচন ইত্যাদি দায়িত্ব পালনের জন্য স্বল্পকালীন সময়ের জন্য অঙ্গীভূত হয়ে থাকে।

**৩। <u>অন্যান্য পেশা ভিত্তিক প্রশিক্ষণের সুযোগঃ</u>**

আনসার ও ভিডিপি সদস্যদের কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃষ্টিএবং আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরা। অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে কর্মসংস্থান সৃষ্টি ও আর্থিক উন্নয়ন ঘটাতে সক্ষম করা। দেশে ও বিদেশে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে আর্থিক উন্নয়নে সক্ষমতা সৃষ্টি করা।

- বেসিক কম্পিউটার প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- ইলেকট্রিক্যাল হাউজ ওয়ারিং প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- মোবাইল ফোন সার্ভিসিং প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- পম্লাম্বিং এন্ড পাইপ ফিটিং প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- ওয়েল্ডিং ৪জি প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- টাইলস সেটিং প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- ফ্রিজ ও এয়ারকন্ডিশনার মেরামত প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ (মহিলা)
- সোয়াটার নিটিং প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- মোটর ড্রাইভিং প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা প্রশিক্ষণ (আনসার-ভিডিপি পুরুষ ও মহিলা)।
- বেসিকল্যাবরেটরি টেকনিশিয়ান/কার্ডিওলজি/অনকোলজিপ্রশিক্ষণ (পুরুষ ও মহিলা)।
- নকশিকাঁথা প্রশিক্ষণ (ভিডিপি সদস্য)।
- সেলাই প্রশিক্ষণ (ভিডিপি সদস্য)।